



‘বঙ্গবন্ধু হত্যার বিচারের পূর্বাপর: ন্যায় বিচারের স্বরূপ সন্ধান’ শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত



জাতীয় শোক দিবস-২০২৩ উপলক্ষে ২০ আগস্ট-২০২৩, রবিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আয়োজনে কেন্দ্রীয় মিলনায়তনে ‘বঙ্গবন্ধু হত্যার বিচারের পূর্বাপর: ন্যায় বিচারের স্বরূপ সন্ধান’ শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলামের সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি হিসেবে ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ।

আলোচনা সভাটি সঞ্চালনা করেন ড. নাফিস আহমদ ও ড. নিবেদিতা রায়। সভা শেষে ধন্যবাদ জ্ঞাপন করেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন।

আলোচনা সভায় ‘বঙ্গবন্ধু হত্যার বিচারের পূর্বাপর: ন্যায় বিচারের স্বরূপ সন্ধান’ শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন আইন অনুষদের ডিন অধ্যাপক ড. এস এম মাসুম বিল্লাহ এবং প্রবন্ধের উপর মূল আলোচক হিসেবে বক্তব্য প্রদান করেন ইতিহাস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মুর্শিদা বিনতে রহমান।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



আলোচনা সভার শুরুতে ১৫' আগস্টে নিহতদের স্মরণে দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. আবুল কালাম মোঃ লুৎফর রহমান।

এসময় বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, প্রক্টর, শিক্ষক, কর্মকর্তা, সাংবাদিক প্রতিনিধিবৃন্দ ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।